গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং ২৮.০১.০০০০.০১৮.০৬.২৪৮.১৭. ৮৫২৯ তারিখ: ২৮ নভেম্বর ২০১৭

**বিষয়: ১৬৭ তম কমিশন সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মনোয়ার ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
সময় ও তারিখ : ২২ নভেম্বর ২০১৭, সকাল ১১:০০ টায়।
স্থান : সভা কক্ষ, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সিএম ১৬৭/১ | **আলোচ্য বিষয়:** ১৬৬তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৬৬তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| সিএম ১৬৭/২ | **আলোচ্য বিষয়:** ১৬৬তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৬৬তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| সিএম ১৬৭/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৯ (নয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৮(আট) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২,৫৫৬ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. কে. সি বটম এন্ড শার্ট ওয়্যার কোম্পানী [ কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা: কে.সি ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাতুটি, কাঁচকুড়া, উত্তরখান, উত্তরা, ঢাকা-১২৩০] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,১০০/- (চার হাজার একশত) টাকা;<br>২. কিম্বারলি ডিজাইন [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: সি-২১৪/৩, টেকনগপাড়া, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৪৪০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৩. আর. এস. এস. থ্রেড এন্ড এক্সেসরিজ লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা:১১২/১, ঈদগাহ রোড, পাগাড়, টঙ্গী, গাজীপুর-১৭১০] এর অনুকূলে ২৬৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. সিরাজগঞ্জ ফ্যাশনস লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা:১০১/১/এ, বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬] এর অনুকূলে ২০০কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৫. মাম অ্যাপারেল এন্ড টেক্সটাইলস লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা:মাম টাওয়ার, ৩২৩৩/বি, প্রাণ হরিদাস রোড, লোহারপুল, সারাইপাড়া, পাহাড়তলী, চট্টগ্রাম] এর অনুকূলে ১৩২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৬. কে. সি জ্যাকেট ওয়্যার কোম্পানী [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: কে.সি ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাতুটি, কাঁচকুড়া, উত্তরখান, উত্তরা, ঢাকা-১২৩০] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৭. কে. সি ওয়াশিং প্ল্যান্ট [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: কে.সি ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাতুটি, কাঁচকুড়া, উত্তরখান, উত্তরা, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৮. ট্রাউজার ল্যান্ড লিমিটেড [কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা: ৪০/১, রাজনগর, হযরত শাহজালাল রোড, সাতাইশ, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৬৮০ কি:ও: [২৮০ + ২৮০ + ১২০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>(খ) দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে কে. এ. এস. নীট ওয়্যার লিমিটেড [কর্পোরেট এবং ফ্যাক্টরীর ঠিকানা: ইন্ডাস্ট্রিয়াল-৮০, পেয়ারা বাগান, বাইপাস রোড, ভোগড়া, গাজীপুর-১৭০৪] এর অনুকূলে ১৬০ কি:ও: [ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট, ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা] বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের প্রত্যাশা অনুমোদন প্রদান করা হয়। | |
| সিএম ১৬৭/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের জন্য প্রত্যাশা অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. এলিগ্যান্স ওরিয়েন্টাল লিমিটেড[কর্পোরেট এবংফ্যাক্টরীর ঠিকানা: জাঙ্গালিয়াপাড়া, ভাওয়াল-মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ২৮০ কি:ও:হতে ৬০০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৮৮০ কি:ও: [২৮০ + ৬০০] ( ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা, মেয়াদ: ১৮/০৩/২০১৬ হতে ১৭/০৩/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৭/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট বাতিল করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বেস্ট উল সোয়েটারস লিমিটেড ও মার্ক সোয়েটার লিমিটেড প্রতিষ্ঠানটি দুটির চাহিদা বৃদ্ধি পাওয়ায় সিপিপি ক্যাটাগরীর বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স প্রদানের জন্য এবং একই সাথে পূর্বে ইস্যুকৃত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি বাতিলের জন্য কমিশন বরাবর আবেদন করে। নির্দারিত ফিস পরিশোধ ও প্রয়োজনীয় শর্তাদি পূরণ করায় প্রতিষ্ঠান দুটির অনুকূলে প্রদত্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট বাতিল করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নিম্নোক্ত ২(দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১২৩৪.৪ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের বাতিলের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. বেস্ট উল সোয়েটারস লিমিটেড [কর্পোরেট ঠিকানা: নাবানা শেফালী, এপার্টমেন্ট নং: ৫বি, হাউজ নং: ১৪, গুলশান: ১, ঢাকা-১২১২; ফ্যাক্টরীর ঠিকানা: জারুন, কোনাবাড়ি, গাজীপুর]এর অনুকূলে ইস্যুকৃত গ্যাস ভিত্তিক ৫০৮ কি:ও: লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট, ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা;<br><br>২. মার্ক সোয়েটার লিমিটেড [কর্পোরেট ঠিকানা: সিয়াম টাওয়ার, লেবেল ৯ এবং ১০, প্লট নং: ১৫, সেক্টর: ০৩, উত্তরা, ঢাকা-১৩২০; ফ্যাক্টরীর ঠিকানা: সুরাবাড়ি, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ইস্যুকৃত ডিজেল ভিত্তিক ৭২৬.৪ কি: ও: [৫৮০.৮ + ১৪৫.৬] লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট, ফিস: ১,৫০০/- (একহাজার পাঁচশত) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৭/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৯ (নয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ৯ (নয়) টি প্রতিষ্ঠান ২০০৭, ২০০৯ এবং ২০১০ সালে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের জন্য কমিশন বরাবর আবেদন করে। উক্ত আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায় এবং প্রতিষ্ঠানসমূহকে ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিলের জন্য ২০০৮, ২০১০ এবং ২০১১ সালে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ২৬/১০/২০১৭ তারিখে পত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন বাতিল করা হবে মর্মে পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি এবং কোন যোগাযোগও করেনি।<br><br>উপস্থাপিত ৯ (নয়) টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সভায় উপস্থাপিত বিদ্যুৎ উৎপাদনের জন্য ৯ (নয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে (পরিশিষ্ট-খ) লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্তকরণ অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৭/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩(তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিসের জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৯.৪৭৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সাময়িক লাইসেন্স অনুমোদন করা হয়:<br><br>১. সুর্তি টেক্সটাইল (বিডি) লিমিটেড, প্লটঃ ২২০-২২৭, কুমিল্লা ইপিজেড, পুরাতন বিমানবন্দর এলাকা, কুমিল্লা-৩৫০০;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ ২২০-২২৭, কুমিল্লা ইপিজেড, পুরাতন বিমানবন্দর এলাকা, কুমিল্লা-৩৫০০;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.২৯৬ মেগাওয়াট [১১২০ কি.ও. (ডিজেল) + ১৭৬ কি.ও. (ডিজেল)]।<br><br>২. পিমকী এপারেলস লিমিটেড, সেনা কল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স, প্লটঃ ০৯, ব্লক- এফ, টঙ্গী, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ ৩২৭-৩২৮, ব্লক- এফ, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.২ মেগাওয়াট [২ x ৬০০ কি.ও. (ডিজেল)]।<br><br>৩. পাইওনিয়ার ডেনিম লিমিটেড, কনফিডেন্স সেন্টার (১১ তলা), খ-৯, প্রগতি সরণি, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২।<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ হরিতলা, শাহপুর বাজার, মাধবপুর, হবিগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১৬.৯৮ মেগাওয়াট [ ১২ x ১৪১৫ কি.ও. (গ্যাস) ]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৭/৮ | **আলোচ্য বিষয়:** Bangladesh Power Development Board (BPDB) এর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৭৪৪ মে:ও: হতে ১১৯৫ মে:ও: বৃদ্ধি করতঃ সংশোধনপূর্বক ৩৯৩৯ মে:ও: এর লাইসেন্স প্রদান ও নবায়ন করা সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এর অনুকূলে ২৭৪৪ মেঃওঃ ক্ষমতার বিদ্যুৎ উৎপাদনের জন্য ELEG-0002 লাইসেন্স গত ২০ নভেম্বর, ২০০৮ তারিখে ইস্যু করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ১৯ নভেম্বর, ২০১৭ তারিখে উত্তীর্ণ হয়েছে। বিপিডিবি'র স্মারক নং ২৭.১১.০০০০.৭০১.৭৭.০০৫.১৭.৭১৫ তারিখ ৩১.১০.২০১৭ এর মাধ্যমে জানানো হয় তাদের বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৭৪৪ মেঃওঃ হতে ১১৯৫ মে:ও: বৃদ্ধি করতঃ সংশোধনপূর্বক ৩৯৩৯ মে:ও: হয়েছে। প্রতিষ্ঠানটির বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সংশোধনপূর্বক ৩৯৩৯ মেঃওঃ ক্ষমতার লাইসেন্স ইস্যু ও নবায়নের জন্য অনুরোধ জানিয়েছে। আবেদনের সাথে পরিশোধকৃত সংশোধিত লাইসেন্স আবেদন ফিস, সংশোধিত লাইসেন্স ফিস ও নবায়ন ফিসের হিসাব নিম্নরুপ: | পরিচালক (বিদ্যুৎ) |

| ক্রঃনং | মেয়াদ | পরিশোধকৃত ফিস |
|---|---|---|
| ১. | সংশোধিত লাইসেন্স আবেদন ফিস। | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা। |
| ২. | ক্যাপাসিটি বৃদ্ধি ফিস: (প্রতি মে:ও: বা তার অংশ বিশেষ টাকা ৫০০০.০০ (পাঁচ হাজার)। | ৫৯,৮০,০০০.০০ (উনষাট লক্ষ আশি হাজার) টাকা। |
| ৩. | ২০ নভেম্বর, ২০১৭ হতে ১৯ নভেম্বর, ২০১৮ মেয়াদে নবায়ন ফিস (প্রতি মে.ও. ২০০০/- টাকা, হিসেবে) | ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা সর্বোচ্চ। |
| ৪. | ২০ নভেম্বর, ২০১৮ হতে ১৯ নভেম্বর, ২০১৯ মেয়াদে নবায়ন ফিস (প্রতি মে.ও. ২০০০/- টাকা, হিসেবে) | ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকা সর্বোচ্চ। |
| | সর্বমোট | ৯৯,৮৫,০০০.০০ (নিরান্নব্বই লক্ষ পচাঁশি হাজার) টাকা। |

প্রতিষ্ঠানটির লাইসেন্স ক্ষমতা বৃদ্ধির ফিস ও নবায়ন ফিস বাবদ ৯৯,৮০,০০০.০০ (নিরান্নব্বই লক্ষ আশি হাজার) টাকার ওপর ১৫% ভ্যাট বাবদ ১৪,৯৭,০০০.০০ (চৌদ্দ লক্ষ সাতান্নব্বই হাজার) টাকার চালান ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের মূলকপি কমিশনে দাখিল করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এর বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স ELEG-0002 এর ক্ষমতা ২৭৪৪ মেঃওঃ হতে ১১৯৫ মে:ও: বৃদ্ধি করতঃ সংশোধনপূর্বক ৩৯৩৯ মে:ও: ক্ষমতার লাইসেন্স ইস্যুকরণ ও ২০ নভেম্বর, ২০১৭ হতে ১৯ নভেম্বর, ২০১৯ মেয়াদে নবায়নের অনুমোদন করা হয়। ভ্যাট বাবদ ১৪,৯৭,০০০.০০ (চৌদ্দ লক্ষ সাতান্নব্বই হাজার) টাকা সংশ্লিষ্ট কোডে জমা প্রদানের চালানের মূলকপি ও প্লান্ট ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার তালিকা দাখিল করতে হবে।

সিএম ১৬৭/৯

**আলোচ্য বিষয়:** Bangladesh Power Development Board (BPDB)এর বিদ্যুৎ বিতরণ ক্ষমতা ১৭০০ মে:ও: হতে ৩০০ মে:ও: বৃদ্ধি করতঃ সংশোধনপূর্বক ২০০০ মে:ও: এর লাইসেন্স প্রদান ও নবায়ন করা সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এর অনুকূলে ১৭০০ মেঃওঃ ক্ষমতার বিদ্যুৎ বিতরণেরজন্য ELED-0002 লাইসেন্স গত ২০ নভেম্বর, ২০০৮ তারিখে ইস্যু করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ১৯ নভেম্বর, ২০১৭ তারিখে উত্তীর্ণ হয়েছে। বিপিডিবি'র স্মারক নং ২৭.১১.০০০০.৭০১.৭৭.০০৫.১৭.৭১৫ তারিখ ৩১.১০.২০১৭ এর মাধ্যমে জানানো হয় তাদের বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৭০০ মেঃওঃ হতে ৩০০ মেঃওঃ বৃদ্ধি হয়ে ২০০০ মেঃওঃ হয়েছে। প্রতিষ্ঠানটির বিদ্যুৎ বিতরণ ক্ষমতা সংশোধনপূর্বক ২০০০ মেঃওঃ ক্ষমতার লাইসেন্স ইস্যু ও নবায়নের জন্য অনুরোধ জানিয়েছে। আবেদনের সাথে পরিশোধকৃত সংশোধিত লাইসেন্স আবেদন ফিস ও নবায়ন ফিসের হিসাব নিম্নরূপ:

| ক্রঃনং | মেয়াদ | পরিশোধকৃত ফিস |
|---|---|---|
| ১. | সংশোধিত লাইসেন্স আবেদন ফিস। | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা। |
| ২. | ২০ নভেম্বর, ২০১৭ হতে ১৯ নভেম্বর, ২০১৮ মেয়াদে নবায়ন ফিস | ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা সর্বোচ্চ। |

পরিচালক (বিদ্যুৎ)

| | | |
|---|---|---|
| ৩. | ২০ নভেম্বর, ২০১৮ হতে ১৯ নভেম্বর, ২০১৯ মেয়াদে নবায়ন ফিস | ১০,০০,০০০.০০<br>(দশ লক্ষ) টাকা সর্বোচ্চ। |
| | সর্বমোট | ২০,০৫,০০০.০০<br>(বিশ লক্ষ পাঁচ হাজার) টাকা। |

প্রতিষ্ঠানটির লাইসেন্স নবায়ন ফিস বাবদ ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকার ওপর ১৫% ভ্যাট বাবদ ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার চালান ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের মূলকপি কমিশনে দাখিল করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এর বিদ্যুৎ বিতরণ লাইসেন্স ELED-0002এর ক্ষমতা ১৭০০ মেঃওঃ হতে ৩০০ মেঃওঃ বৃদ্ধি করতঃ সংশোধনপূর্বক ২০০০ মেঃওঃ ক্ষমতার লাইসেন্স ইস্যুকরণ ও ২০ নভেম্বর, ২০১৭ হতে ১৯ নভেম্বর, ২০১৯ মেয়াদে নবায়নের অনুমোদন করা হয়। ভ্যাট বাবদ ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা **সংশ্লিষ্ট** কোডে জমা প্রদানের চালানের মূলকপি দাখিল করতে হবে।

| | | |
|---|---|---|
| সিএম ১৬৭/১০ | **আলোচ্য বিষয়:** North West Zone Power Distribution Company Limited এর নাম ও ক্ষমতা সংশোধনপূর্বক Northern Electricity Supply Company Limited (NESCO) এর নামে ৯০০ মে:ও: ক্ষমতার লাইসেন্স ইস্যু করণসম্পর্কে ।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, North West Zone Power Distribution Company Limited, Biddut Bhaban, Hatemkhan, Rajshahi-6000 এর অনুকূলে ৩৫৫ মেঃ ওঃ ক্ষমতার বিদ্যুৎ বিতরণের জন্য ELED-0005 লাইসেন্স গত ১২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে ইস্যু করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ১১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ আছে। প্রতিষ্ঠানটির নাম North West Zone Power Distribution Company Limited এর পরিবর্তে Northern Electricity Supply Company (NESCO) Limited এবং ক্ষমতা ৩৫৫ মেঃওঃ হতে বৃদ্ধি করে ৯০০ মেঃওঃ করার জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বরাবর গত ১৩ নভেম্বর, ২০১৭ তারিখে আবেদন করেছে। আবেদন ফিস বাবদ ৫০০০.০০ (পাচঁ হাজার) টাকার পে-অর্ডার নং ৮১৩৯৮২৫ তারিখ ১২ নভেম্বর, ২০১৭ কমিশনে দাখিল করেছে (সংযুক্ত)। প্রতিষ্ঠানটি নাম পরিবর্তনের স্বপক্ষে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের পত্র নং২৭.০০.০০০০.০৮৮.৯৯.০২০.১৬.৪২৮ তারিখ ০৪ অক্টোবর, ২০১৭ কমিশনে জমা প্রদান করেছে (সংযুক্ত)। বর্তমানে প্রতিষ্ঠানটি Northern Electricity Supply Company (NESCO) Limited এর নামে ব্যবসা পরিচালনা করছে। উল্লেখ্য, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০১৬ এর তফসিল 'খ' অনুযায়ী বিদ্যুৎ বিতরণ লাইসেন্স এর ক্যাপাসিটি বৃদ্ধি বা নাম সংশোধনের কোন লাইসেন্স ফিস প্রয়োজন নেই।<br><br>**সিদ্ধান্ত:** বিদ্যুৎ বিতরণ কোম্পানি North West Zone Power Distribution Company Limited, Biddut Bhaban, Hatemkhan, Rajshahi-6000 এর নাম ও ক্ষমতা সংশোধনপূর্বক Northern Electricity Supply Company (NESCO) Limited, Biddut Bhaban, Hatemkhan, Rajshahi-6000 এর নামে ৯০০ মেঃওঃ ক্ষমতার লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম ১৬৭/১১ | **আলোচ্য বিষয়:** 'ধলেশ্বরী ফিলিং এন্ড সিএনজি স্টেশন' [৪২ মহাসড়ক (মানিকগঞ্জ বাসস্ট্যান্ড), নওখন্ডা, মানিকগঞ্জ]-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'ধলেশ্বরী ফিলিং এন্ড সিএনজি স্টেশন' [৪২ মহাসড়ক (মানিকগঞ্জ বাসস্ট্যান্ড), নওখন্ডা, মানিকগঞ্জ]-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য ইস্যুর তারিখ হতে ১(এক) বছর মেয়াদে লাইসেন্স অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৭/১২ | **আলোচ্য বিষয়:** 'কসমস সিএনজি ফিলিং স্টেশন' (হোল্ডিং নং-৮৪/২, কমলাপুর, সুয়াগাজী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'কসমস সিএনজি ফিলিং স্টেশন' (হোল্ডিং নং-৮৪/২, কমলাপুর, সুয়াগাজী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা)- এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিসের ওপর ১৫% ভ্যাট বাবদ ১৫,০০০/- টাকা জমা প্রদান সাপেক্ষে ইস্যুর তারিখ হতে ১(এক) বছর মেয়াদে লাইসেন্স অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৭/১৩ | **আলোচ্য বিষয়:** 'বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) [পেট্রোসেন্টার, ৩ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫)-এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনপূর্বক নবায়ন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** 'বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) [পেট্রোসেন্টার, ৩ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫)-এর অনুকূলে প্রদত্ত বিতরণ ও বিপণনের লাইসেন্স সংশোধনপূর্বক ২ (দুই) বছর মেয়াদে ০৮/৭/২০১৬ হতে ০৭/৭/২০১৮ পর্যন্ত বিপণন লাইসেন্স হিসেবে নবায়ন অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৭/১৪ | **আলোচ্য বিষয়:** 'সুন্দরবন গ্যাস কোম্পানী লি:' (২১৮, এম, এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০)-এর অনুকূলে বিতরণ লাইসেন্স প্রদান সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** 'সুন্দরবন গ্যাস কোম্পানী লি:' (২১৮, এম, এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০)-এর অনুকূলে ১৯/১/২০১৫ হতে ১৮/১/২০১৮ পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে বিতরণ লাইসেন্স ইস্যু ও নবায়ন অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম ১৬৭/১৫ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য নিম্নবর্ণিত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স অনুমোদন করা হয়:<br><br>১. রিক লুব অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এর অনুকূলে [প্ল্যান্টঃপূর্ব সৈয়দনগর, পোঃ সৈয়দনগর, শিবপুর, নরসিংদী] [Lube Base Oil S.N-500: 300 MT, Lube Base Oil S.N-150: 60MT, Lube Base Oil S.B.S-150: 200MT, Additives: 20M,T,Lubricants(40/50/60/SD460/32/46/68/140, DOT-3): 609.94 MT] প্রক্রিয়াকরণ/উৎপাদন, মজুদকরণ, বিপণন ও বিতরণের জন্য ০৭/১২/২০১৬ হতে ০৬/১২/২০১৮ মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>২. ডি-৩ এস লিমিটেড এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ ঘোপ, প্লট নং-২৫/১, জেএল নং-৯২, উপশহর সদর, কতোয়ালী, যশোর] পেট্রোলিয়ামজাত পদার্থ [Engine Oil (10W30/40, 15W40, 20W40/50): 6,00,000 Liter & Gear Oil (85W140): 1,30,000 Liter] মজুদকরণ ও বিতরণের জন্য ইস্যু তারিখ হতে ২ (দুই) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>৩. ফাতিহা ট্রেড লিমিটেড এর অনুকূলে[মজুদাগারঃমৌজাঃ তিলপাপাড়া, থানাঃ শহর খিলগাঁও, জেলাঃ ঢাকা] [Engine Oil (SL/C14/SF/SN/CF/SM/SG/CD): 1,60,000 Liter; Gear Oil (GL- 4/5, 320/220/150): 12,000 Liter; Hydraulic Oil /Compressor Oil (46, 68, 100) : 8,000 Liter; Thermal Oil (32/100): 1,000 Liter; Grease (AP/NP-2/MP-3)/Coolant (30%): 1,000 Liter; Total: 1,82,000 Liter ] মজুদকরণ ও বিতরণের জন্য ইস্যু তারিখ হতে ২ (দুই) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়।<br><br>৪. রিভেরী পাওয়ার এন্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং লিঃ এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ নরসিংহারচর, উপজেলাঃ পলাশ, জেলাঃ নরসিংদী] পেট্রোলিয়ামজাত পদার্থ [Transformer Oil (Grade- A/B/C): 2,00,000 Liters & Heat Transfer Oil (HT 32/46): 1,00,000 Liters ] মজুদকরণের জন্য ইস্যু তারিখ হতে ২ (দুই) বছর মেয়াদে লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৭/১৭ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৬ (ছয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৬ (ছয়)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধন অনুমোদন করা হয়:<br><br>১. এনার্জিস পাওয়ার কর্পোরেশন লিঃ এর অনুকূলে [মজুদাগার:মৌজাঃ দ্বিপকালা মোড়ল, উপজেলাঃ পটিয়া, জেলাঃ চট্টগ্রাম] পেট্রোলিয়ামজাত পদার্থ (ফার্নেস অয়েলঃ ৬০,০০০ মেঃটন, ডিজেলঃ ১,২০,০০০ লিটার ও লুব্রিকেটিং অয়েলঃ ২,৫০,০০০ লিটার) মজুদকরণ এবং অফিস কার্যালয়ের ঠিকানা মাস্কট প্লাজা (১১তলা), প্লট-১০৭/এ, সোনারগাঁও জনপথ, সেক্টর-৭, উত্তরা বা/এ, ঢাকা-১২৩০ হতে ১ আর.কে মিশন রোড (ইত্তেফাক ভবন), ঢাকা-১২০৩ এ পরিবর্তনপূর্বক ০১/১১/২০১৭ হতে ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে সাময়িক লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>২. বানকো এনার্জি জেনারেশন লিঃ এর অনুকূলে [মজুদাগার:তিলারদি, কমলাঘাট, মিরকাদিম, মুন্সীগঞ্জ] ফার্নেস অয়েলঃ ৫৭,৪৬৫ মেঃটন এর সাথে ডিজেলঃ ২০০ মেঃটন ও লুব্রিকেটিং অয়েলঃ ২৪০ মেঃটন সংযোজনপূর্বক মজুদকরণের জন্য ২৯/১১/২০১৭ হতে ৩১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে সাময়িক লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৩. প্যাসিফিক এ্যাসোসিয়েটস লিঃ এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃভোগড়া, উপজেলাঃ গাজীপুর সদর, জেলাঃ গাজীপুর] লুব্রিকেটিং অয়েল (ISO VG-96/68) ৫০,০০০ কেজি হতে ১,০০,০০০ কেজিতে বৃদ্ধিপূর্বক মজুদকরণ ও বিতরণের জন্য ০৭/১২/২০১৬ হতে ০৬/১২/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৪. বাশার জেনারেল এর অনুকূলে [মজুদাগারঃসুখবাসপুর, তিনশিরি, মুন্সিগঞ্জ সদর, মুন্সীগঞ্জ] পেট্রোলিয়ামজাত পদার্থ [লিকুইড প্যারাফিনঃ ৬৪৭ মেঃটন, প্যারাফিন ওয়াক্সঃ ৪১ মেঃটন ও পেট্রোলিয়াম জেলীঃ ৮৯ মেঃটন] পুনর্বিন্যাসপূর্বক মজুদকরণ ও বিতরণের জন্য ২৪/০৪/২০১৭ হতে ২৩/০৪/২০১৯ তারিখ পর্যন্ত মেয়াদে ইস্যুকৃত লাইসেন্স সংশোধন অনুমোদন প্রদান করা হয়।<br><br>৫. সারিনা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ এর অনুকূলে মৌজাঃ সোন্ডা, গাজীপুর সদর, গাজীপুর] ব্রেক অয়েলঃ ৩,০০০ লিটার হতে ১,০০,০০০ লিটার এবং এটিএফঃ ৩,০০০ লিটার হতে ৭৫,০০০ লিটারে বৃদ্ধিপূর্বক মজুদকরণ ও বিতরণের জন্য ২৩/১০/২০১৬ হতে ২২/১০/২০১৮ তারিখ পর্যন্ত মেয়াদে ইস্যুকৃত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়।<br><br>৬ ইস্টার্ণ পেইন্ট এজেন্সী এর অনুকূলে [মজুদাগারঃমৌজাঃ জিনজিরা, উপজেলাঃ কেরাণীগঞ্জ, ঢাকা] সুপারিশকৃত পেট্রোলিয়ামজাত পদার্থ [ইঞ্জিন অয়েলঃ ২০০ মেঃটন, হার্ড প্যারাফিনঃ ৩০৮ মেঃটন, লিকুইড প্যারাফিনঃ ২৩২ মেঃটন, পেট্রোলিয়াম জেলীঃ ৬০ মেঃটন এবং গ্রীজঃ ৪০ মেঃটন] পুনর্বিন্যাসপূর্বক মজুদকরণ ও বিতরণের জন্য ০৩/০১/২০১৭ হতে ০২/০১/২০১৯ তারিখ পর্যন্ত মেয়াদে ইস্যুকৃত লাইসেন্স সংশোধন অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম ১৬৭/১৭ | **আলোচ্য বিষয়:** Bangladesh Energy Regulatory Commission Dispute Settement Regualtion 2017 এর বাংলা অনুবাদ করার জন্য দাখিলকৃত বিল পরিশোধ সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulation 2017 বাংলায় অনুবাদ করার জন্য জনাব মোঃ আবুল কাশেমের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত কার্যাদেশ অনুযায়ী Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulation 2017 বাংলায় অনুবাদ করে এর কপি দাখিল করা হয়েছে। বাংলায় অনুবাদকৃত কপি কমিশনের উপপরিচালক (আইন ও বিধি) কর্তৃক গ্রহণ করা হয়েছে।<br><br>উক্ত অনুবাদ কার্য সম্পন্ন করে জনাব মোঃ আবুল কাশেম, অ্যাডভোকেট, ঢাকা বার ২,২৫,০০০.০০ (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকার একটি বিল পরিশোধের জন্য দাখিল করেছেন। দাখিলকৃত বিলটি চলতি ২০১৭-১৮ অর্থবছরের কমিশন বাজেটের আইন সংক্রান্ত খাত (কোড নং-৪৮৮২) হতে নির্বাহ করা যেতে পারে। | সচিব |

| | | |
|---|---|---|
| | চলতি অর্থবছরে এখাতে ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। কমিশনের অর্থ ও হিসাব বিভাগের তথ্যমতে এখাতে এ পর্যন্ত ব্যয় হয়েছে ৫,৬৫,০০০.০০ (পাঁচ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা। বর্ণিত বিল পরিশোধের জন্য এখাতে পর্যাপ্ত স্থিতি রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** Bangladesh Energy Regulatory Commission Dispute Settement Regualtion 2017 এর বাংলা অনুবাদ করা বাবদ ২,২৫,০০০.০০ (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকার বিলটি জনাব মোঃ আবুল কাশেমের এর অনুকূলে প্রযোজ্য আয়কর ও ভ্যাট কর্তণ সাপেক্ষে পরিশোধ করার অনুমোদন করা হয়। | |
| সিএম ১৬৭/১৮ | **আলোচ্য বিষয়:** কমিশন দপ্তরে স্থান সংকটের কারণে শুনানি কক্ষ পুনর্বিন্যাস করে নতুন অফিস কক্ষ নির্মাণের অনুমোদন সম্পর্কে।<br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের তুলনায় দাপ্তরিক কক্ষ কম থাকায় দাপ্তরিক কাজ সঠিকভাবে সম্পাদনে সমস্যা পরিলক্ষিত হচ্ছে। তাছাড়া কমিশনের কাজে সহযোগিতা করার জন্য পরামর্শক হিসেবে কয়েকজন কাজ করছেন যাদের নির্ধারিত কোন অফিস কক্ষ নেই। ফলে কমিশনের বিদ্যমান অফিস কক্ষ পুন:বিন্যাস করা প্রয়োজন। অফিস কক্ষ পুন:বিন্যাসের জন্য কমিশনের শুনানি কক্ষের দক্ষিণ অংশ নির্বাচন করা হয়েছে। তদানুযায়ী শুনানি কক্ষ পুন:বিন্যাস করে ৩(তিন)টি অফিস কক্ষ (10'/9'/4' Law height) তৈরী করা যেতে পারে। এজন্য ডিজাইন প্রণয়ন ও পরিমাপ গ্রহণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) কমিশনের শুনানি কক্ষ পুনঃবিন্যাস করে ৩ (তিন) টি অফিস কক্ষ নির্মাণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুমোদন প্রদান করা হয়;<br>(খ) বিধি মেতাবেক এবং ন্যূনতম ব্যয়ে বর্ণিত কার্যাদি সম্পন্ন করতে হবে এবং কার্যাদেশ প্রদানের পূর্বে কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | সচিব |
| সিএম ১৬৭/১৯ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অফিস স্পেস ক্রয় সম্পর্কে।<br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের জন্য অফিস স্পেস ক্রয়ের নীতিগত সম্মতি প্রদানের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র পাওয়া গিয়েছে। উক্ত পত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের জনবলের প্রয়োজনীয় স্থান সংকুলান ও অফিসের কর্মপরিবেশ উন্নয়নের জন্য কমিশনের নিজস্ব অর্থায়নে কারওয়ান বাজারস্থ সার্ক ফোয়ারার নিকটবর্তী এলাকায় আনুমানিক ২৪,০০০ (চব্বিশ হাজার) বর্গফুট (কম/বেশি) স্পেস ক্রয়ে কমিশন আইনের ৪(২) ধারা এবং সরকারি ক্রয় সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর ৪(২) ধারা অনুযায়ী কমিশনের স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা রয়েছে।<br>পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী কমিশনের জন্য আনুমানিক ২৪,০০০ (চব্বিশ হাজার) বর্গফুট (কম/বেশি) ক্রয়ের নিমিত্ত প্রয়োজনীয় স্পেসিফিকেশন প্রস্তুত, দাপ্তরিক প্রাক্কলনের (Official Cost Estimation) জন্য কমিটি গঠনসহ বিধি মোতাবেক অন্যান্য কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়। একই সাথে অফিস স্পেস ক্রয় এবং ডেকোরেশনের জন্য সংশ্লিষ্ট খাতদ্বয়ে সংশোধিত বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে মর্মেও সভায় একমত পোষণ করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(ক) আনুমানিক ২৪,০০০ (চব্বিশ হাজার) বর্গফুট (কম/বেশি) স্পেস ক্রয়ের নিমিত্ত প্রয়োজনীয় স্পেসিফিকেশন প্রস্তুত ও দাপ্তরিক প্রাক্কলনের (official cost estimation) জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়:<br>১) পরিচালক (বিদ্যুৎ), বিইআরসি — সভাপতি<br>২) উপপরিচালক (প্রশাসন), বিইআরসি — সদস্য<br>৩) উপপরিচালক (গ্যাস), বিইআরসি — সদস্য<br>৪) উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স), বিইআরসি সদস্য সচিব।<br>৫) সহকারী পরিচালক (হিসাব), বিইআরসি — সদস্য<br>(খ) অফিস স্পেস ক্রয় এবং ডেকোরেশনের জন্য সংশ্লিষ্ট খাতদ্বয়ে সংশোধিত বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সচিব |

| | | |
|---|---|---|
| সিএম ১৬৭/ বিবিধ-১ | **আলোচ্য বিষয়:** মূসক বিধিমালা অনুযায়ী লাইসেন্স ফিস (ইস্যু ও নবায়ন) ও সিস্টেম অপারেশন ফিস এর উপর ১৫% হারে মূসক আদায় না করায় বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক অডিট পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত নিরীক্ষা আপত্তি (অগ্রিম অনুচ্ছেদ-১) সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, ২৭ এপ্রিল ২০০৪ তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে অর্থ বিভাগের অনুদান নিয়ে প্রাথমিকভাবে কার্যক্রম শুরু করলেও ২০০৪-২০০৫ অর্থবছর থেকে লাইসেন্স ফি, আবেদন ফি, সিস্টেম অপারেশন ফি, বিরোধ নিস্পত্তি ফিস ও ফরম ও সিডিউল বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থই এ যাবত নিয়মিতভাবে কমিশনের তহবিলে জমা হচ্ছে এবং ২০০৮-০৯ অর্থবছর থেকে কমিশনের তহবিলে অর্থ প্রাপ্তির প্রধান উৎস বা মাধ্যম হিসেবে বিবেচিত হচ্ছে।<br><br>সেবা কোড এস ০৫৬.০০ এবং রাজস্ব কর্মকর্তার কার্যালয়, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কার্যালয়ের স্মারক নং ৪/ মূসক (১৪)/উৎসে কর্তন/ ২০১২/অংশ-১/১৯৩ তাং ২৬/০৫/২০১৪ মোতাবেক মূসক আইন ১৯৯১ এর বিধিমালা ১৮(ঙ) অনুযায়ী সরকারী, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্তৃক লাইসেন্স প্রদান, পারমিট প্রদান বা নবায়ন কালে ১৫% হারে মূসক কর্তন করার বিধান রয়েছে। কিন্তু বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন/২০০৩ এবং লাইসেন্স প্রবিধানমালা/২০০৬ তে লাইসেন্স ফি (ইস্যু ও নবায়ন) এবং সিস্টেম অপারেশন ফি হতে ভ্যাট কর্তণ/আদায়ের কোন রকম নির্দেশনা না থাকায় ২০১৬-১৭ অর্থ বছরের পূর্বে ভ্যাট আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়নি।<br><br>তবে ২০১৪ সালে বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক হিসাব নিরীক্ষাকালে প্রথম কমিশনের ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরের লাইসেন্স ফিস, লাইসেন্স নবায়ন ফিস ও আবেদন ফিসের উপর ১৫% হারে মূসক আদায় না করায় অডিট আপত্তি উত্থাপিত হয়। বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত উক্ত অডিট আপত্তির প্রেক্ষিতে বিষয়টি কমিশনের নজরে নেয়া হয়। সে প্রেক্ষাপটে বিইআরসি এতদবিষয়ে সরকারি বিধি-বিধান পর্যালোচনান্তে সংশোধিত লাইসেন্স প্রবিধানমালা, ২০১৬ তে ১৫% হারে ভ্যাট কর্তনের বিধি সংযোজন করে। সে ধারাবাহিকতায় আগস্ট/২০১৬ হতে বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম বিভাগ লাইসেন্স ফি, লাইসেন্স নবায়ন ফি এবং সিস্টেম অপারেশন ফি হতে ভ্যাট কর্তণ করা আরম্ভ করেছে এবং বর্তমানে এ প্রক্রিয়া চলমান রয়েছে। কিন্তু এর পূর্বে লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে অদ্যাবধি ভ্যাট আদায় করা হয়নি।<br><br>লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর অনুকূলে প্রযোজ্য ফিস বাবদ মূল টাকার ব্যাংক পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এবং ফিসের উপর ১৫% ভ্যাট ট্রেজারি চালানের মাধ্যমে ১-১১৩৩-০০১০-০৩১১ কোডে জমা করত: ট্রেজারী চালানের মূল কপি কমিশনে দাখিল করে।<br>বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক কমিশনের ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থ-বছরের হিসাব নিরীক্ষা কার্যাদি ২৮/০৬/২০১৭ হতে ১৭/০৭/২০১৭ পর্যন্ত সময়ে সম্পন্ন হয়। ৩০ জুন ২০১৬ পর্যন্ত সময়ে কমিশনের অর্জিত ফিসের উপর পুনরায় একই অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। বিগত ৫ অর্থবছরে কমিশনের ফিস বাবদ মোট আয় ৯৪,০৮,৫১,৩৫৫/-(চুরানব্বই কোটি আট লক্ষ একান্ন হাজার তিনশত পঞ্চান্ন) টাকা যার উপর ১৫% হারে ভ্যাট কর্তন না করায় সরকারের মোট রাজস্ব ক্ষতি (৯৪,০৮,৫১,৩৫৫*১৫%)= ১৪,১১,২৭,৭০৩/-(চৌদ্দ কোটি এগারো লক্ষ সাতাশ হাজার সাতশত তিন) টাকা। যার বিবরণ নিম্নরূপ: | |

| ক্র নং | নিরীক্ষিত সময় (অর্থ বছর) | নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষার সময়কাল | ফিস বাবদ আয় | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ২০১১-১২ থেকে ২০১২-১৩ | ২৩/০৫/২০১৪ - ১৯/০৬/২০১৪ | ৩৩,৭১,৭৩,০৬৪.০০ | ৫,০৫,৭৫,৯৫৯.৬০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ | ২৮/০৬/২০১৭-১৭/০৭/২০১৭ | ৬০,৩৬,৭৮,২৯১.০০ | ৯,০৫,৫১,৭৪৪.০০ |
| | | মোট | ৯৪,০৮,৫১,৩৫৫/- ( চুরানব্বই কোটি আট লক্ষ একান্ন হাজার তিনশত পঞ্চান্ন) | ১৪,১১,২৭,৭০৩/- (চৌদ্দ কোটি এগারো লক্ষ সাতাশ হাজার সাতশত তিন) |

উল্লেখ্য যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর ৩য় অধ্যায়ের ২০(৩) নং অনুচ্ছেদ অনুযায়ী চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের নিরীক্ষা ছাড়পত্রের অতিরিক্ত ব্যবস্থা হিসেবে প্রাপ্ত অর্থ ও খরচ এবং বার্ষিক হিসাব বাংলাদেশের Comptroller & Auditor General উপর অর্পিত সংবিধানের ১২৮ ধারা এবং C&AG অতিরিক্ত ক্ষমতা আইন ১৯৭৪ এর ক্ষমতাবলে C&AG এর এখতিয়ারভুক্ত। এ যাবত ৪ (চার) দফায় পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক এক বার এবং বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক তিন বার কমিশনের প্রাপ্ত অর্থ ও খরচ এবং বার্ষিক হিসাবের উপর নিরীক্ষা কার্যক্রম সম্পাদিত হয়েছে। উক্ত বিধি/ আদেশ মোতাবেক অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে লাইসেন্স প্রদান/নবায়নকালে ২০১৬-১৭ অর্থ বছরের পূর্বে লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে ১৫% হারে অনাদায় ভ্যাট আদায় করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত অদ্য কমিশন সভায় উপস্থাপন করা হল।

অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে লাইসেন্স প্রদান/নবায়নকালে ২০১৬-১৭ অর্থ বছরের পূর্বে লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে ১৫% হারে অনাদায় ভ্যাট আদায় করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এসংক্রান্ত আলাদা একটি হিসাব সংরক্ষণ করতে হবে মর্মেও সভায় একেমতপোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

(ক) অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা ২০০৬ (২০১৬ সালে সংশোধিত) জারী হওয়ার পর অর্থ্যাৎ ২০১৬-১৭ অর্থবছরের পূর্বে লাইসেন্স প্রদান/নবায়নকালে লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের (ফিস বা অন্য কোন ভাবে প্রাপ্ত অর্থের) উপর মূসক আইন, ১৯৯১ এর ধারা ১৮(ঙ) অনুযায়ী ১৫% হারে অনাদায় ভ্যাট আদায় করতে হবে।

পরিচালক (অর্থ ও হিসাব

(খ) এ সংক্রান্ত বিইআরিস'র সংশ্লিষ্ট শাখাসমূহ কর্তৃক পৃথক হিসাব সংরক্ষণ করত হবে এবং সময় সময় অর্থ ও হিসাব শাখার সাথে reconciliation করতে হবে।

সিএম ১৬৭/ বিবিধ-২

**আলোচ্য বিষয়:** কমিশনের প্রতিষ্ঠা বার্ষিকীতে বাংলাদেশ এনার্জি রেগুরেটরী কমিশন দিবস উদযাপন সম্পর্কে।

**আলোচনা:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ২৯ ফাল্গুন ১৪০৯ মোতাবেক ১৩ মার্চ ২০০৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করেছে এবং আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৪(১) অনুযায়ী আইনটি কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে বাংলাদেশ এনার্জি রেগুলেটারী কমিশন প্রতিস্থিত হবে মর্মে উল্লেখ রয়েছে। ২৭ এপ্রিল ২০০৪ সালে একজন সদস্য নিয়োগের মাধ্যমে কমিশনের কার্যক্রম শুরু হয়।

জাতীয় পর্যায়ে জ্বালানি খাতে বেসরকারী বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি; উক্ত খাতে ব্যবস্থাপনা, পরিচালনা, ট্যারিফ নির্ধারণে স্বচ্ছতা আনয়ন, বিরোধ নিষ্পত্তি, জ্বালানি খাতে সুশাসন নিশ্চিতকরণ, ভোক্তার স্বার্থ সংরক্ষণ ও প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে কমিশন কাজ করে যাচ্ছে। শুরু থেকে অদ্যাবধি কমিশনে লোকবলের ঘাটতি থাকলেও উপস্থিত জনবল, দলগত মনোভাব এবং কমিশনের বিজ্ঞ নেতৃত্বে স্বল্পতম সময়ে বিদ্যুৎ ও জ্বালানি খাতের জন্য গুরুত্বপূর্ণ অনেক কার্যক্রম সম্পন্ন হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্প্রতি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন পুনর্গঠন করেছেন। বর্তমান কমিশন বিইআরসি-কে অধিকতর কার্যকর ও কমিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কমিশনের সাংগঠনিক কাঠামো সংশোধনসহ প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়নসহ কমিশনের আইনি নানা দায়িত্ব পালনের বিভিন্ন নতুন কার্যক্রম গ্রহণ করেছেন।

| | | |
|---|---|---|
| | বাংলাদেশে জ্বালানি খাতে রেগুলেটরী কার্যক্রম একটি নতুন ধারনা। কমিশনের কার্যক্রম বৃদ্ধি ও আইনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য কমিশনের বিভিন্ন লাইসেন্সী ও জ্বালানি খাতের সেবা প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের মধ্যে পারস্পারিক যোগাযোগ বৃদ্ধি, জ্বালানি খাতের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য কমিশন হতে তাদের স্বীকৃতি/সম্মাননা প্রদান করা যেতে পারে।<br><br>বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ২৯ ফাল্গুন ১৪০৯ মোতাবেক ১৩ মার্চ ২০০৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করেছে এবং আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হয়েছে বিধায় ১৩ মার্চ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন দিবস উদযাপন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) ১৩ মার্চ ২০১৮ তারিখ বিইআরসি'র প্রতিষ্ঠা বার্ষিকীতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন দিবস উদযাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়;<br>(খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন দিবস উদযাপনে করণীয় সংক্রান্ত বিস্তারিত কর্মসূচী উপস্থাপন করতে হবে;<br>(গ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন দিবস উদযাপন সংক্রান্ত খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদউল হক ভূইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং ২৮.০১.০০০০.০১৮.০৬.২৪৮.১৭. ৮৫২২

তারিখ: ২৩নভেম্বর ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫